দৈনিক ইত্তেফাক

তারিখ AUG 1 0 1999
পৃষ্ঠা

# পরীক্ষার ফল প্রকাশের আগেই উত্তরপত্র দোকানে

রেজানুর রহমান ॥ দীর্ঘ দশ মাস কাটিয়া গিয়াছে। পরীক্ষার ফলাফল প্রকাশিত হয় নাই। তবে পরীক্ষার খাতা কনফেকশনারী দোকানে চলিয়া গিয়াছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের এমকম প্রথম পব ব্যবস্থাপনা বিষয়ের ব্যবস্থাপকীয় ও উন্নয়ন অর্থনীতি পত্রের ক্ষেত্রে এই ঘটনা ঘটিয়াছে। গতকাল (সোমবার) নগরীর একটি ব্যাংকের একজন তরুণ অফিসার এই পরীক্ষার একটি খাতার প্রথম পৃষ্ঠা ইত্তেফাক অফিসে নিয়া আসেন। এই পৃষ্ঠার একদিকে রোল ময়মনসিংহ, নম্বর ৪২২৫৫, রেজিষ্ট্রেশন নং ৬৫৬৯৬, শিক্ষাবর্ষ ১৯৯৫-৯৬, তারিখ ১৫/১০/৯৮ লেখা রহিয়াছে। অন্যদিকে প্রশ্নপত্রের ৬নং প্রশ্নের উত্তর লেখা রহিয়াছে। ব্যাংকের এই তরুণ অফিসার জানান, মিরপুরের এক কনফেকশনারী দোকান হইতে তাহার এক আত্মীয় এই পৃষ্ঠাটি উদ্ধার করিয়াছেন।

(১৫শ পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার ফল

(শেষ পৃষ্ঠার পর)

গতকাল এই ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত যোগাযোগ করা হইলে তিনি বলেন, উল্লেখিত রোল নম্বরের খাতাটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষক ডঃ মহিউদ্দিন এবং ডঃ আব হোসেন সিদ্দিক প্রথম এবং দ্বিতীয় পরীক্ষক হিসাবে দেখিয়াছেন। উভয় পরীক্ষকই খাতাটির নম্বর প্রদান করিয়াছেন। কাজেই ফলাফল প্রকাশের ক্ষেত্রে কোন অসুবিধা হইবে না। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্বে পরীক্ষার খাতা বাহিরে চলিয়া যাওয়ার ঘটনা দুঃখজনক। তবে ইহার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় মোটেই দায়ী নয়। তাহার মতে, খাতাটি দ্বিতীয় পরীক্ষকের বাসা হইতে বাহিরে চলিয়া যাইতে পারে। উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত পরীক্ষা গত বছরের আগষ্ট মাসে শুরু হইয়াছিল। বন্যার কারণে পরীক্ষাটি ৩ বার পিছাইয়া অক্টোবরের শেষ সপ্তাহে সমাপ্ত হয়। অদ্যাবধি এই পরীক্ষার ফলাফল প্রকাশিত হয় নাই।